মুজিবনগর যুব মহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় ভবেরপাড়া গ্রামে উপজেলা যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্হিত ছিলেন, দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক উপজেলা যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।

দর্শনায় মুক্তিযোদ্ধা কমান্ডারের ইন্তেকাল,

[redacted]

[redacted]

[redacted]

[

শেষ শ্রদ্ধা জানান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সম্মানিত সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, এছাড়াও তার সহযোদ্ধারা তাকে শেষ শ্রদ্ধাজানান, এসময় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা দামুড়হুদা উপজেলা যাচাই-বাছাই কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, সাবেক জেলা কমান্ডার আবু হোসেন, জামাত আলী, ছাবদার আলী, মশিউর রহমান, নুর ইসরাম, মন্টু, সিরাজুল ইসলাম, ইকলাচ, ফজলুর রহমান ফনা, বিল্লাল হোসেন, আলাউদ্দিন, আশরাফ আলী, আবুল হাসনাত, ফজলু, আব্দুল মোতালেব, আব্দুর সবুর, আব্দুল হান্নান, মাহাত্তাব উদ্দিন, আব্দুর রহিম, আব্দুল খালেক, সরোয়ার হোসেন, এরশাদ আলী।

এসময় আরো উপস্থিত ছিলেন, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন, দর্শনা থানার অফিসার ইনচার্জ (তদন্ত) নিখিল অধিকারী। দামুড়হুদা উপজেলা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট। আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় গ্রামের পারিবারিক কবরস্থানে নামাজের জানাজা শেষে দাফন করা হয়।।

ঝিনাইদহে বিএনপি,ছাত্রলীগ ও পুলিশের সংঘর্ষ ধাওয়া পাল্টা ধাওয়া, আহত ১৫

ঝিনাইদহে বিএনপি ও ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে একজন ব্যাংক কর্মকর্তাসহ উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন। ভাংচুর করা হয়েছে ব্যবসায় প্রতিষ্ঠান।

আজ সোমবার (৭ নভেম্বর) দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরে মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস উপলক্ষে সরকারি কেসি কলেজ থেকে একটি মিছিল বের করে জেলা ছাত্রলীগ।

অপরদিকে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বরে বিপ্লব ও সংহতি দিবস পালন উপলক্ষে বিএনপি’র নেতাকর্মীরা জড়ো হতে থাকে। ছাত্রলীগের মিছিলটি শহরের পুরাতন ডিসি কোর্টের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা বিএনপি’র মিছিলের নেতাকর্মীদের সাথে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে শুরু হয় ইটপাটকেল নিক্ষেপ ও সংঘর্ষ। বিএনপি নেতাকর্মীদের ধাওয়া খেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা পিছু হটে যায়। ছাত্রলীগের নেতাকর্মীরা শহরে পোস্ট অফিস মোড়ে অবস্থান করলে বিএনপি নেতাকর্মীরা জেলা যুবলীগের সভাপতি আশফাক মাহমুদ জনের মালিকাধীন ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর করে।

পরে ছাত্রলীগ ও যুবলীগের নেতা কর্মীরা মিছিল নিয়ে এসে বিএনপি’র অফিসে হামলা চালায়। পুলিশ উভয় পক্ষকে সরিয়ে দিতে গেলে ছাত্রলীগের সাথে পুলিশের ধস্তাধস্তি হয়। একপর্যায়ে পুলিশ লাঠি চার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। বর্তমানে ঝিনাইদহ শহরে থমথমে অবস্থা বিরাজ করায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন বলেন, ছাত্রলীগের নেতাকর্মীরা শান্তিপুর্ণ মিছিল করছিলো। সেখানে বিএনপির নেতাকর্মীরা অতর্কিত হামলা চালিয়ে আমাদের বেশ কয়েকজন নেতাকর্মীকে আহত করেছে। তারা আমার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুর করেছে। তিনি অভিযোগ করে বলেন, পুলিশের উপস্থিতিতে ছাত্রলীগের নেতাকর্মীদের উপর হামলা করা হয়েছে।

এদিকে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ বলেন, আমরা শান্তিপুর্ণ ভাবে বিপ্লব ও সংহতি দিবসের প্রোগ্রাম করছিলাম। সেখানে ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা চালায়। যুবলীগ নেতার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুরের বিষয়টি তিনি অস্বীকার করেন।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার বলেন, উভয় পক্ষকে ছত্রভঙ্গ করে দেওয়া হয়েছে বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। শহরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

দর্শনা-গেদে সড়ক ও স্থল পথে ভিসা চালুর দাবিতে গণ জামায়েত

২৫ জেলার জনগণের ভোগান্তি লাঘব ও বাংলাদেশ-ভারত সম্পর্ক সুদৃঢ় করার লক্ষ্যে অবিলম্বে দর্শনা-গেদে সড়ক স্হল পথে ভিসা চালুর দাবিতে গণ জামায়েত অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা নাগরিক কমিটির উদ্যোগে গতকাল শনিবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশন বন্দর চত্বরে এই গণ জমায়েত অনুষ্ঠিত হয়।

উক্ত গন জমায়েতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও নবনির্বাচিত চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল লতিফ অমল, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, জীবননগর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, দর্শনা গনউন্নয়ন পাঠাগারের (সিডিএল) পরিচালক কবি আবু সুফিয়ান, জীবননগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি মাহবুবুর রহমান বাবু,

সাংবাদিক সালাউদ্দিন কাজল, দর্শনার প্রবীন সাংবাদিক মাহফুজ উদ্দিন খান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু,

দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ রুস্তম আলী, বিশিষ্ট সিএন্ডএফ ব্যবসায়ী আতিয়ার রহমান হাবু, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক কিশোর কুমার কুন্ড,দর্শনা নাগরিক কমিটির আহ্বায়ক ও দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক-মোঃ গোলাম ফারুক আরিফ সহ দর্শনা নাগরিক কমিটির সদস্যবৃন্দ, সাংবাদিকবৃন্দ সহ স্থানীয় জনসাধারণ ২০০-২৫০ জন উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় জোহান ড্রীমভ্যালী পার্কে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল এমরানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আঃ মান্নান রানা।

এছাড়াও ঝিনাইদহ প্রেসক্লাবের প্রচার সম্পাদক ও খুলনা মহানগরের সাবেক ছাত্র নেতা শামীমুল ইসলাম শামীম, জেলা সৈনিক লীগের সহ সভাপতি আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক বি এম শফি উদ্দিন, আক্তারুজ্জামান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাহেদ কবির লিমন, জেলা সৈনিক লীগ নেতা মোস্তফা কামাল, আলম গীর হোসেনসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিল।

বক্তারা বলেন আগামী ১৮ নভেম্বরের কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মলনের মধ্যদিয়ে আমরা আশা করছি বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা আমাদের এই সংগঠনকে বাংলাদেশ আওয়ামী লীগের সহযোগী সংগঠন হিসেবে স্বীকৃতি দেবেন। বক্তারা আরো বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ দলীয় প্রার্থীকে জয়লাভের জন্য মাঠে সৈনিক লীগের নেতা কর্মীদের সক্রিয় কাজ করার আহবান জানান।

মুজিবনগরে জেল হত্যা দিবস

উপলক্ষে আলোচন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

“লাল সবুজ পতাকায় আজও তাদের স্বপ্ন উড়ে শ্রদ্ধাভরে স্মরণ করে এক রক্তেভেজা মানচিত্র”

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়ে।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, জেল হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অডিটরিয়ামে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা এর সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের সঞ্চালনায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন (এমপি) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড: ইব্রাহিম শাহীন।

আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তাহমিনা খাতুন, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাবলু।জাতীয় চার নেতাকে নির্মমভাবে জেলখানায় হত্যার তিব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা। পরে নিহত চার নেতা ও ১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু সহ সকল শহীদ এর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

জেলহত্যা দিবস পালন অনুষ্ঠানে মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রাম

থেকে আওয়ামীলীগের নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

মেহেরপুরে জেল হত্যা দিবসের আলোচনা সভা

জাতীয় জেল হত্যা দিবস দিবস উপলক্ষে মেহেরপুর জেলা আওয়মীলীগের উদ্যোগে বৃহস্পতিবার বিকেলে আলোচনা সভা ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়নে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সভাপতিত্ব (ঢাকা অফিস থেকে জুমের মাধ্যমে) করেন।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেকের সঞ্চালনায় অনুষ্ঠিত জেল হত্যা দিবসের আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহ সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম। সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, শহর আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন চেয়ারম্যান শাহজামান প্রমুখ।

দামুড়হুদায় জেল হত্যা দিবস পালিত উপলক্ষে আলোচনা ও দোয়া অনুষ্ঠিত

দামুড়হুদায় সারা দেশের ন্যায় জেল হত্যা দিবস ও জাতীয় চার নেতা স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা চত্বরে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতার প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধা ও পুষ্পমাল্য অর্পণ ও শহীদদের প্রতি এক মিনিট নীরবতা পালন করা হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি, জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, ভাইস চেয়ারম্যান (মহিলা) সাহিদা খাতুন, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন। দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট।

এসময় বক্তারা বলেন, বাঙালি জাতির ইতিহাসে আরেকটি কলঙ্কিত অধ্যায় জেল হত্যা দিবস। ১৯৭৫ সালের ৩রা নভেম্বর স্বাধীনতা বিরোধীরা নির্মমভাবে হত্যা করে জাতীয় চার নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমেদ, ক্যাপ্টেন এম মনসুর আলী ও এ এইচ এম কামারুজ্জামানকে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকরা বর্বরোচিতভাবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে। এর কিছুদিন পরই বঙ্গবন্ধুর আজীবন রাজনৈতিক সহচর, বঙ্গবন্ধুর অবর্তমানে যারা মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিয়েছিলেন সেই জাতীয় চার নেতাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ভেতর গুলি করে ও বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে নির্মমভাবে হত্যা করে ঘাতকরা। ইতিহাসের জঘন্য ও বর্বর নিকৃষ্ট হত্যা যজ্ঞের এই দিনটি জেল হত্যা দিবস।

আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের যুগ্ন আহবায়ক আবদুল করিমের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবিব, হযরত আলী, হাতেম সহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে আজ ৩ সেপ্টেম্বর বিকেলে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্ঠিত হয়।

ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগরের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোখলেছুর রহমান মুকুল। সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের নিজ বাসভবনে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার আমিরুল ইসলাম,সাবেক পৌর কাউন্সিলর নবীরুদ্দিন বিশ্বাস , কাজিপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমানসহ বিভিন্ন নেতৃবৃন্দ।

জাতীয় চার নেতাকে নির্মমভাবে জেলখানায় হত্যার তিব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা। পরে নিহত চার নেতার রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমান সাইফুল ইসলাম।

জেলহত্যা দিবস পালন অনুষ্ঠানে গাংনী উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আওয়ামীলীগের নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

রাজনীতির মাঠে মাহিয়া মাহি

ঢাকাই সিনেমার আলোচিত নায়িকা মাহিয়া মাহি আনুষ্ঠানিকভাবে রাজনীতিতে যোগ দিলেন। আওয়ামী লীগ সমর্থিত বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের কেন্দ্রীয় ও বিভাগীয় দুটি পদে দায়িত্ব পেয়েছেন তিনি। বুধবার রাতে নিজের ফেসবুকে মাহি এই তথ্য জানান।

মাহিয়া মাহির স্বামী রকিব সরকার আগে থেকেই রাজনীতির সঙ্গে যুক্ত।তিনি গাজীপুর মহানগর যুবলীগ নেতা। এবার মাহিও রাজনীতির মাঠের কর্মী হলেন।

ফেসবুকে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের অফিসিয়াল প্যাডে পাওয়া দুটি চিঠি শেয়ার করেছেন মাহি। জোটের সভাপতি ফাল্গুনী হামিদ ও সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান স্বাক্ষরিত দুটি চিঠিতে মাহিকে দায়িত্ব দেওয়ার বিষয়টি জানানো হয়।

একটিতে লেখা আছে, সংগঠনের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক পদে আগামী দুই বছরের জন্য নায়িকা মাহিয়া মাহিকে দায়িত্ব দেওয়া হয়েছে। অন্য চিঠিতে বলা আছে, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের রাজশাহী বিভাগের আহ্বায়ক হিসেবে আগামী দুই বছর দায়িত্ব পালন করবেন মাহিয়া মাহী।

এদিকে বৃহস্পতিবার ছিল মাহির জন্মদিন। এ উপলক্ষে শুধু রাজনৈতিক পদ নয়, বিশাল সারপ্রাইজ পেয়েছেন তিনি। স্বামী রকিব সরকার তার জন্য জমকালো পার্টির আয়োজন করেন, যা নিজের ফেসবুক পেজে লাইভও করেন।

রকিব বিশেষ উপহার হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুখচ্ছবির একটি ভাস্কর্য দিয়েছেন স্ত্রী মাহিয়া মাহীকে।